সংযোগ সড়ক না হওয়ায় চালু হচ্ছে না ব্রিজ

সংযোগ সড়ক তৈরি না হওয়ায় চুয়াডাঙ্গা পৌর এলাকার হাজরাহাটি গ্রামে মাথাভাঙ্গা নদীর ওপর নির্মিত ব্রিজটি দেড় বছরেও চালু হয়নি। ব্রিজের হাজরাহাটি অংশে অবৈধ স্থাপনা থাকায় সংযোগ সড়ক হচ্ছে না বলছে এলজিইডি। ফলে দু’পাশের ১০-১৫টি গ্রামের জনগণকে পোহাতে হচ্ছে দূর্ভোগ। এলজিইডির পক্ষে অবৈধ স্থাপনা সরানোর নির্দেশ দিলেও তা সরানো হচ্ছে না। ভুক্তভোগিদের দাবী, দ্রুত সংযোগ সড়ক নির্মাণ করে ব্রিজটি চালু করা হোক।

এলজিইডি সূত্র জানায়, এলাকাবাসীর দীর্ঘদিনের দাবীর প্রেক্ষিতে ২০১৭ সালে চুয়াডাঙ্গার হাজরাহাটি গ্রামে ৯৬ মিটার লম্বা একটি ব্রিজ নির্মাণ কাজ শুরু হয়। ছয় কোটি ৯ লাখ টাকা ব্যয়ে এর নির্মাণ কাজ শেষ হয় ২০১৯ সালের শুরুর দিকে। এরপর পেরিয়ে গেছে প্রায় দেড় বছর। কিন্তু ব্রিজটি চালু করা যায়নি।

এলজিইডি কর্তৃপক্ষ বলছে, ব্রিজের হাজরাহাটি অংশে সরকারি জমিতে কিছু অবৈধ স্থাপনা রয়েছে। কয়েকটি দোকানঘর ও একটি দ্বিতল ভবন রয়েছে। এগুলো অপসারণ করা না হলে সংযোগ সড়ক তৈরি করা যাচ্ছে না। অবৈধ স্থাপনা সরিয়ে নেওয়ার জন্য দখলকারিদের পত্র দেওয়া হয়েছে।

হাজরাহাটি গ্রামের কালাম জোয়ার্দ্দার জানান, বর্তমানে যেখানে ব্রিজ তৈরি হয়েছে সেখানে আগে নৌকা বা বাঁশের সাঁকোয় পারাপার হতো। এলাকাবাসীর দীর্ঘদিনের দাবীর প্রেক্ষিতে ২০১৭ সাথে ব্রিজটি নির্মাণ শুরু হয়। কিন্তু কাজ শেষ না হওয়ায় ব্রিজটি এলাকাবাসীর কোনো কাজে আসছে না। অন্যদিকে অসমাপ্ত কাজের জন্য পড়ে থাকা নির্মাণ সামগ্রীও নষ্ট হচ্ছে।

হাজরাহাটি গ্রামের সাইফুল ইসলাম পিনু জানান, ব্রিজ চালু না হওয়ায় অন্তত ৩০ কিলোমিটার ঘুরে অনেককে বিকল্প পথে চুয়াডাঙ্গায় যাতায়াত করতে হয়। তাছাড়া, ব্রিজের দুপাশ রয়েছে ঝুকিপূর্ণ। কাজ অসমাপ্ত থাকায় প্রায়ই ঘটছে দূর্ঘটনা। পায়ে হেটে যাতায়াতেও ঝুঁকি নিতে হচ্ছে।

শিয়ালমারী গ্রামের আব্দুল হালিম ও লিটন আলী জানান, শিয়ালমারী, বটিয়াপাড়াসহ বিভিন্ন গ্রামের হাজার হাজার মানুষ এই ব্রিজ পার হয়ে

চুয়াডাঙ্গায় যাতায়াত করে। ব্রিজের দু’পাশ অসমাপ্ত হওয়ায় তা ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এ অবস্থায় ব্রিজে পায়ে হেটে যাতায়াত করতেও ঝুঁকি নিতে হয়।

অভিযুক্ত অবৈধ স্থাপনাকারী হাজরাহাটি গ্রামের হাতেম আলী বলেন, ‘আমার বিল্ডিঙের যে অংশ বাড়তি ছিলো তা ভেঙে নেয়া হয়েছে। এখন আর অসুবিধা থাকার কথা নয়। আমিও চাই রাস্তাটি হোক।’

চুয়াডাঙ্গা এলজিইডির নির্বাহী প্রকৌশলী অমিতাভ সানা জানান, ব্রিজটির হাজরাহাটি প্রান্তে যেসব জমিতে অবৈধ স্থাপনা রয়েছে সেগুলো দখলমুক্ত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে। অচিরেই অবৈধ স্থাপনা সরিয়ে শেষ করা হবে নির্মাণ কাজ। এর ফলে গ্রামবাসীরাও ব্রিজের সুফল ভোগ করবে।

বৃক্ষ রোপণ ও বাঁচিয়ে রাখতে উদ্যোগ গ্রহণ ফরিদপুরের শামীমের

বিভিন্ন রাজনৈতিক সংগঠনের নেতাকর্মীরা পরিবেশের ভারসাম্য রক্ষার কথা বলে মাঠে-ময়দানে মাঝে-মধ্যেই বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেন। সেই কর্মসূচি পালনের ছবি নানা পত্র-পত্রিকায়ও আসে।

ছবি ফলাও করে প্রচার হওয়ায় নেতাকর্মীরা তাদের রাজনৈতিক ফায়দা নিয়ে ঘরে ফেরেন ঠিকই কিন্ত ক‘দিনের মাথায়ই কর্মসূচিতে তাদের লাগানো গাছের চারা আর মাঠে-ময়দানে পাওয়া যায় না। ছাগল-গরুতে খেয়ে ফেলে। নেতাকর্মীরা সেদিকে ফিরেও আর তাকান না। এভাবেই বছরের পর বছর বৃক্ষরোপণ কর্মসূচি চলে। কিন্ত প্রকৃতিতে গাছের সংখ্যা আর বাড়ে না।

বৃক্ষরোপণ কর্মসূচি পালন এবং তাদেরকে যথাযথভাবে বাঁচিয়ে রাখতে এবার এগিয়ে এসেছেন আলমডাঙ্গার ফরিদপুর গ্রামের যুবক এসএম গোলাম সরোয়ার শামীম। তার গ্রামসহ পুরো বেলগাছি ইউনিয়নের গুরুত্বপূর্ণ

স্থানে ৫ হাজার নানা জাতের ফলজ ও বনজ গাছের চারা লাগানোর কর্মসূচি হাতে নিয়েছেন তিনি। একই সাথে গাছগুলোকে বাঁচিয়ে রাখতে প্রতিটি চারার সাথে একটি করে বাঁশের খাঁচা বানানোরও উদ্যেগ নিয়েছেন। এই বিশাল আয়োজনের কর্মসূচিতে শামীমের গ্রাম ফরিদপুরের যুবসমাজ ও মুরুব্বীরা তার সাথে রয়েছেন।

শনিবার বিকেলে ফরিদপুর খেলার মাঠে ৫ হাজার বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানেরও আয়োজন করেন গ্রামবাসী। ছাত্র-যুবকদের এই অসম্ভব সুন্দর আয়োজনে উপস্থিত ছিলেন গ্রামের অশীতিপর বৃদ্ধরাও।

ফরিদপুর গ্রামের রিকাত আলী মন্ডলের সভাপতিত্বে বৃক্ষরোপণ আয়োজনে প্রধান অতিথি ছিলেন গ্রামের অপর অশীতিপর বদর উদ্দিন বিশ্বাস ভাদু মন্ডল। বিশেষ অতিথি ছিলেন গ্রামের কৃতি সন্তান জগলুল আরেফিন, লিটন মিয়া, ডাক্তার সামসুজ্জামান, দাউদ আলী জোয়ার্দ্দার, আব্দুল মান্নান মন্ডল, মানোয়ার হোসেন মন্ডল, গিয়াসউদ্দিন মন্ডল, মওলা বক্স মন্ডল, মনিরুদ্দিন মন্ডল, পলান মন্ডল, সাদেক মন্ডল, রইস উদ্দিন শিল্পী, আনোয়ার হোসেনসহ গ্রামবাসী।

করোনায় আরও ৩২ জনের মৃত্যু, শনাক্ত ১৫৬৭

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৯১০ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ১ হাজার ৫৬৭ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৩ লাখ ৪৭ হাজার ৩৭২ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৫১ জন এবং মোট সুস্থ ২ লাখ ৫৪ হাজার ৩৮৬ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১৩ হাজার ১৭০টি নমুনা পরীক্ষা করে ১ হাজার ৫৬৭ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট শনাক্ত ৩ লাখ ৪৭ হাজার ৩৭২।

গত ২৪ ঘণ্টায় পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ১১ দশমিক ৯০ শতাংশ।

এই সময়ে দেশে আরও ৩২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৯১০ জন কোভিড রোগীর মৃত্যু হলো।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৫১ জন এবং মোট সুস্থ ২ লাখ ৫৪ হাজার ৩৮৬ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৭৩ দশমিক ২০ শতাংশ ও মৃত্যু হার ১ দশমিক ৪১ শতাংশ।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগী শনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

অবশেষে দেশে ঢুকল সাত ট্রাক ভারতীয় পেঁয়াজ

অবশেষে ভারতীয় পেঁয়াজ ঢুকেছে দেশে। তবে এর পরিমাণ মাত্র সাত ট্রাক। এর বাইরে আপাতত কোনো ভারতীয় পেঁয়াজ দেশে আসছে না বলে জানা গেছে।

চাঁপাইনবাবগঞ্জের সোনামসজিদ স্থলবন্দর দিয়ে আজ শনিবার (১৯ সেপ্টেম্বর) সকাল ১০টায় শুরু হয় দেশের অভ্যন্তরে এসব পেঁয়াজ

ঢোকা। গত ১৪ সেপ্টেম্বরের টেন্ডার অনুযায়ী এই সাত ট্রাক পেঁয়াজ ঢুকেছে বলে জানা গেছে।

সোনামসজিদ স্থলবন্দরের উপব্যবস্থাপক মাইদুল ইসলাম কালের কণ্ঠকে বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, ‘এই সাত ট্রাক ছাড়া আপাতত আর কোনো ভারতীয় পেঁয়াজ দেশে আসার কোনো সম্ভাবনা নেই।’

এদিকে ভারতের মহাদিপুর স্থলবন্দরের সিঅ্যান্ডএফ এজেন্ট প্রতিনিধি অভিজিৎ সিং জানিয়েছেন, ওই স্থলবন্দরে দুই শতাধিক ট্রাক পেঁয়াজ মজুদ রয়েছে। তবে তা বাংলাদেশে পাঠানো হবে কি না তা নিশ্চিত নন তিনি।

বিভিন্ন সূত্রে জানা গেছে, সোনামসজিদ দিয়ে দুপুর ১২টা পর্যন্ত সাতটি ট্রাকে ১৯৯ টন পেঁয়াজ দেশে ঢুকেছে। এসব ট্রাকের কয়েকজন চালক জানিয়েছেন, এখনো ভারতের বন্দরে তিন শর বেশি ট্রাকে পেঁয়াজ আটকে আছে। কয়েক দিন ধরে এভাবে আটকে থাকায় গরমে নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা করছেন পাইকাররা।

এদিকে গতকাল শুক্রবার সন্ধ্যায় নয়াদিল্লির একটি সূত্র কালের কণ্ঠকে নিশ্চিত করে যে পেঁয়াজ রপ্তানিতে নিষেধাজ্ঞার মধ্যেই বাংলাদেশে জরুরি ভিত্তিতে ২৫ হাজার টন পেঁয়াজ রপ্তানির অনুমতি দিচ্ছে ভারত। জানা যায়, ভারতের উচ্চ পর্যায়ের সিদ্ধান্তে শুধু বাংলাদেশে পেঁয়াজ রপ্তানির অনুমতি দেওয়া হয়েছে।

সূত্রটি জানায়, বাংলাদেশের সঙ্গে জোরালো বন্ধুত্বের নিদর্শন হিসেবে নিষেধাজ্ঞার মধ্যেও এই পেঁয়াজ রপ্তানির অনুমতি দেওয়া হয়েছে।

গত সপ্তাহে ভারত তাঁর অভ্যন্তরীণ বাজার পরিস্থিতি ঠিক রাখতে হঠাৎ করেই বিদেশে পেঁয়াজ রপ্তানি বন্ধের সিদ্ধান্ত নেয়। আগেভাগে না জানিয়ে হঠাৎ পেঁয়াজ রপ্তানি বন্ধ করার ঘোষণা দেওয়ায় বিপাকে পড়ে বাংলাদেশ।

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন গত বৃহস্পতিবার সাংবাদিকদের বলেন, ‘শুনেছি যে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এতে (পেঁয়াজ রপ্তানি বন্ধ) খুব অনুতপ্ত। কারণ তারাও জানত না যে হঠাৎ করে এটা বন্ধ হয়েছে।’ তিনি আরো বলেন, ‘আমাদের একটি বোঝাপড়াও আছে যে এ ধরনের হঠাৎ সিদ্ধান্ত নেওয়ার আগে আমাদের জানানো প্রয়োজন। তাদের পররাষ্ট্র মন্ত্রণালয় নাকি এটা (রপ্তানি বন্ধ)

সম্পর্কে কিছুই জানত না।’

এর আগে গত মঙ্গলবার পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহিরয়ার আলমও দুই দেশের অলিখিত সমঝোতার কথা উল্লেখ করে সাংবাদিকদের বলেছিলেন, বাংলাদেশ ভারতকে রপ্তানি নিষেধাজ্ঞা প্রত্যাহারের আহ্বান জানিয়েছে।

জানা গেছে, ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে ভারতীয় হাইকমিশনে এবং নয়াদিল্লিতে বাংলাদেশ হাইকমিশনের মাধ্যমে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করেও ওই নিষেধাজ্ঞা প্রত্যাহারের অনুরোধ করা হয়েছে। বাংলাদেশ স্পষ্ট বলেছে, ভারতের হঠাৎ পেঁয়াজ রপ্তানি বন্ধের সিদ্ধান্ত বাংলাদেশের বাজারে নেতিবাচক প্রভাব ফেলেছে।

গত ১৫-১৬ জানুয়ারি দুই দিনব্যাপী বাংলাদেশ-ভারত বাণিজ্যসচিব পর্যায়ের বৈঠকে নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্যের ওপর নিষেধাজ্ঞা না দেওয়ার জন্য বাংলাদেশ ভারতকে অনুরোধ করেছিল। আর যদি নিষেধাজ্ঞা দিতেই হয়, তাহলে বাংলাদেশকে যেন আগাম জানানো হয়- সে কথাও হয়েছিল ওই বৈঠকে।

তিতাসের ৮ কর্মকর্তা-কর্মচারী গ্রেফতার

নারায়ণগঞ্জের ফতুল্লায় তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণের ঘটনায় তিতাসের কর্মকর্তা ও কর্মচারীসহ আটজনকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)।

দায়িত্বে অবহেলার কারণে তাদের গ্রেফতার করা হয়েছে জানিয়েছেন সিআইডির ডিআইজি মাইনুল হাসান।

গ্রেফতারকৃতরা হলেন— তিতাসের ফতুল্লা অঞ্চলের ব্যবস্থাপক প্রকৌশলী মো. সিরাজুল ইসলাম, উপব্যবস্থাপক মাহমুদুর রহমান

রাব্বি, সহকারী প্রকৌশলী এসএম হাসান শাহরিয়ার, সহকারী প্রকৌশলী মানিক মিয়া, সিনিয়র সুপারভাইজার মো. মুনিবুর রহমান চৌধুরী, সিনিয়র উন্নয়নকারী মো. আইউব আলী, হেলপার মো. হানিফ মিয়া, কর্মচারী মো. ইসমাইল প্রধান।

এর আগে কর্তব্যে অবহেলার অভিযোগে আট কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করে তিতাস গ্যাস কর্তৃপক্ষ।

শনিবার দুপুরে সিআইডির কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সিআইডির ডিআইজি মাইনুল হাসান বলেন, তদন্তের এ পর্যায়ে আমরা তাদের গ্রেফতার করেছি। তাদের জিজ্ঞাসাবাদের জন্য রিমান্ডের আবেদন করা হবে।

গ্যাসের লিকেজ থেকে গত ৪ সেপ্টেম্বর রাতে বায়তুস সালাত জামে মসজিদে ভয়াবহ বিস্ফোরণ ঘটে। এতে অর্ধশতাধিক মুসল্লি দগ্ধ হন।

দগ্ধ ব্যক্তিদের মধ্যে ৩৭ জনকে গুরুতর অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তাদের মধ্যে ৩২ জনের মৃত্যু হলো। আর সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন একজন। বাকি চার মুসল্লির অবস্থা আশঙ্কাজনক। সূত্র- যুগান্তর

চট্টগ্রামের ৪ উপজেলায় নামছে ১০ প্লাটুন বিজিবি

হেফাজতে ইসলামের আমির আল্লামা শাহ আহমদ শফীর জানাজা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে চট্টগ্রামের ৪ উপজেলায় ১০ প্লাটুন বিজিবি মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। চট্টগ্রাম জেলা প্রশাসনের ৭ জন নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে হাটহাজারী, পটিয়া, রাঙ্গুনিয়া এবং ফটিকছড়িতে আজ শনিবার (১৯ সেপ্টেম্বর) সকাল থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিজিবি সদস্যরা আইনশৃঙ্খলা রক্ষায় দায়িত্ব পালন করবেন।

চট্টগ্রামের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ড. বদিউল আলম বিষয়টি

নিশ্চিত করেছেন। তিনি বলেন, শফী হুজুরের জানাজা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে শনিবার সকাল থেকে চট্টগ্রামে ১০ প্লাটুন বিজিবি মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

‘এর মধ্যে জানাজার স্থান হাটহাজারীতে ৪ প্লাটুন, পটিয়ায় ২ প্লাটুন, রাঙ্গুনিয়ায় ২ প্লাটুন এবং ফটিকছড়িতে ২ প্লাটুন বিজিবি সদস্য মোতায়েন থাকবে। নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নেতৃত্বে বিজিবি সদস্যরা আইনশৃঙ্খলা বাহিনীকে সহায়তা করবে। ’
এদিকে জেলা প্রশাসনের জেএম শাখা থেকে বিজিবি সদস্যদের আইনানুগ নির্দেশনা প্রদান করার জন্য ৭ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ দেওয়া হয়েছে।

এর মধ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট শরীফ উল্লাহ, আবদুস সামাদ শিকদার, মামনুন আহমেদ অনীক এবং মো. উমর ফারুক হাটহাজারী উপজেলায় দায়িত্ব পালন করবেন। এ ছাড়া নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. ফখরুল ইসলাম রাঙ্গুনিয়ায়, নির্বাহী ম্যাজিস্ট্রেট ইনামুল হাছান পটিয়ায় এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট গালিব চৌধুরী ফটিকছড়িতে দায়িত্ব পালন করবেন।

হাটহাজারী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রুহুল আমিন জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ ও র্যাবের পাশাপাশি নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নেতৃত্বে বিজিবি সদস্যরা শনিবার থেকে মাঠে থাকবেন।

এর আগে গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে রাজধানীর আসগর আলী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান হেফাজতে ইসলামের আমির আল্লামা শাহ আহমদ শফী।

সূত্র: বাংলানিউজটোয়েন্টিফোর.কম

টুরিস্ট ভিসায় ৯ মাস থাকা যাবে

[redacted]

[redacted] [redacted] [redacted] [

নিষেধাজ্ঞা আরোপ করে আমেরিকা। হিজবুল্লাহর সঙ্গে দুই মন্ত্রীর সম্পর্ক রয়েছে বলে অভিযোগ ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের। লেবাননের রাজনীতি থেকে হিজবুল্লাহকে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন করে ফেলার চেষ্টা করছে আমেরিকা।

যে সাবেক দুই মন্ত্রীর বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিয়েছে আমেরিকা সে ব্যাপারে হিজবুল্লাহ বলেছে, হিজবুল্লার হয়ে লেবাননের মন্ত্রিসভায় কোনো ব্যক্তি প্রতিনিধিত্ব করছেন না।

৮ সেপ্টেম্বর মার্কিন অর্থ মন্ত্রণালয় লেবাননের সাবেক অর্থমন্ত্রী আলী হাসান খলিল

এবং সাবেক পরিবহনমন্ত্রী ইউসেফ ফেনিয়ানোসের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করে। আমেরিকায় এই দুই মন্ত্রীর সম্পদ জব্দের ঘোষণার পাশাপাশি মার্কিন অর্থ মন্ত্রণালয় বলেছে, যারা তাদের সঙ্গে আর্থিক লেনদেন করবে তাদেরকে অপরাধমূলক তৎপরতার দায়ে শাস্তির আওতায় আনা হবে। সূত্র: পার্সটুডে

এবারও অনিশ্চিত আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন!

সীমানা সংক্রান্ত জটিলতায় প্রায় ১০ বছর ধরে আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। সীমানা জটিলতা নিরসন করে ২০১৭ সালে মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও এখনও আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। প্রায় দশ বছর ধরে চেয়ারম্যানের দায়িত্বে আছেন আনারুল ইসলাম। সর্বশেষ ২০১৭ সালে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষনার পরও নির্বাচন অনুষ্ঠিত হয়নি। আসন্ন স্থানীয় নির্বাচনকে কেন্দ্র করে সব জায়গাতেই এক প্রকার নির্বাচনি আমেজ তৈরি হলেও আমদহ ইউনিয়ন নির্বাচন নিয়ে এখনো অনিশ্চিয়তা কাটছে না।

জানা গেছে, গত ২০১১ সালের ৯ জুন আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন হয়। একই বছরের ২৮ জুলাই ওই নির্বাচনে বিজয়ী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী ২০১৬ সালের ২৭ জুলাই এ

নির্বাচিত হবে এটা স্বাভাবিক। কিন্তু বিনা ভোটে দশ বছর ধরে ক্ষমতা দখল করাটা যৌক্তিক না। আমি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হিসেবে আমদহ ইউনিয়নের নির্বাচন দাবি জানাচ্ছি।

মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, একই কারণে পৌর নির্বাচন বন্ধ ছিল। নির্বাচন বন্ধ রাখার একটি সিন্ডিকেট রয়েছে। যারা নির্বাচনকে ভয় পায়। যেহেতু সেই জটিলতা কাটিয়ে পৌর নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, আমরা চাই, পাশের এ ইউনিয়নের নাগরিকরাও তাদের ভোটাধিকার ফিরে পাক।

এ বিষয়ে বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলামকে মোবাইলে ফোন করা হলে তিনি রিসিভ করেননি। তবে এক বছর আগে তিনি নির্বাচন সম্পর্কে বলেন, আমদহ ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলাম বলেন, আমার বিরুদ্ধে কিছু লোক অপপ্রচার চালাচ্ছে। আমি সুন্দরভাবে ইউনিয়নবাসীর সেবা করে যাচ্ছি। নির্বাচন ঠেকানোর কোনো ক্ষমতা আমার নেই। সরকার চাইলেই নির্বাচন হবে।

জেলা নির্বাচন অফিসার আহমেদ আলী বলেন, আমদহ ইউনিয়ন পরিষদ ও পৌরসভার মধ্যে সীমানা নির্ধারণ নিয়ে হাইকোর্টে একটি মামলা বিচারাধিন আছে। ২০১৭ সালে মেহেরপুর পৌরসভার বিষয়ে বাদি পক্ষরা মামলাটি তুলে নিয়েছিল। এজন্য পৌর নির্বাচন আমরা করতে পেরেছিলাম। একই সাথে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের জন্য তফসিল ঘোষনা করেছিলাম।

কিন্তু হাইকোর্ট থেকে নির্বাচন কমিশনকে একটি নোটিশ প্রেরন করা হয়। এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন আমাদের নির্দেশ দেন আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন স্থগিত রাখতে। সেই থেকে এখনো পর্যন্ত আমরা কোন নির্বাচনের নির্দেশ পাইনি।

এ বিষয়ে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন কোন মামলা মোকাদ্দমা থাকার কারনে বন্ধ থাকতে পারে। তারপরও আমি বিষয়টি ভালো করে খোঁজ খবর নিয়ে দেখছি। কোন আইনগত সমস্যা থাকলে সেটা নিরসন করার চেষ্টা করবো।

মেহেরপুরে রয়েল এক্সপ্রেস পরিবহন থেকে ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামের হাইওয়ে থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহন এর পিছন বক্সের ভিতরে চটের বস্তার ভিতর পেটি করা অবস্থায় ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

শুক্রবার রাতে মেহেরপুর সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান এর নির্দেশক্রমে এই অভিযান পরিচালনা করেন সদর থানার এস আই ইকবাল।

এসময় সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান বলেন, আমাদের কাছে সংবাদ আসে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ মোড় থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহনে করে ফেন্সিডিল যাচ্ছে ঢাকায়। তারই সূত্র ধরে আমরা বন্দর গ্রামের হাইওয়েতে চেকপোস্ট বসিয়ে গাড়িটি আটকায় এবং ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করি।

তিনি আরও বলেন, এর সাথে যারা জড়িতো আছে তাদের ক্ষেত্রে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

এসময় আরও উপস্থিত ছিলেন সদর থানার এএসআই কহিতুর, কনস্টেবল জামিরুল, হাবিব প্রমুখ।